

পীস্ হাভেন

শায়িত শব - নিঃশেষিত রক্তে যেন সাদা -!  
বিগতযৌবনা নির্লিপ্তমাখা ধরিত্রী কি আমি?  
ক্লান্তি নেই! ক্ষান্তি নেই! কান্না নেই কই!

ধীরে ধীরে জড়ো হয়  
একদা চলমান ওই শবের সাথিরা।  
একসময়ের সাথি সব - !  
বয়স কিছু এদিক কিংবা ওদিক --।  
নিঃশব্দে জড়ো হয় শুষ্ক চোখে,  
শুভ্রবেশে, পঙ্ককেশে, --  
শব দেখবে বলে।

এই পঙ্ককেশী মানুষেরও কোনোদিন যৌবন ছিল!  
অধুনা পলাতককেশী মস্তকে ঘন কেশ ছিল - !  
মেদগু সোজা করে  
বুক চিতিয়ে  
নীল আকাশ দেখেছে তো তারা!  
ওই ন্যূজদেহ, শুভ্রবেশী, -  
ফাল্গুনের দামাল হাওয়া ওড়ায়নি কেশ?  
সাথির নৈকট্য আনেনি গভীর নিঃশ্বাস?  
বকুলগন্ধমাতাল করেনি তোমাদের যৌবনবাতাস?

তবু আজ জীবনের অমোঘ নিয়মে  
বিলীয়মান 'মানুষ'।  
ধরিত্রীর মৃত্তিকায় চূর্ণহাড়ে মিলিয়ে যায় ধীরে।  
অমোঘ এই অন্ধকার স্বীকার করে নিয়ে  
ধীরে ধীরে  
শুভ্রবেশে শুভ্রকেশে অথবা কেশবিহীন মস্তক নিয়ে  
জড়ো হয় শবের দু'ধারে -  
নিঃশেষিত রক্তে যেন সাদা - !  
ন্যূজদেহী, শুভ্রকেশী, শুভ্রবেশী, - ওই - !  
শূন্যচোখে ভাবে বুঝি -  
'আমি বেঁচে গেছি!  
জীবনের অপার রহস্য যে তা-ই --



সৃষ্টিসন্ধান

এই বাবনা - 'আমি বেঁচে গেছি!  
ধর্মবকের অনন্ত জিজ্ঞাসার উত্তর তাই -  
--'আমি বেঁচে গেছি'!  
তাই ন্যূজদেহী,  
তোমাদেরই কেউ ফের এঁকে নেয়, গান নেয়, ---  
ভবিষ্যৎ নিজের---  
'শব' হবে, - তবু!

চলমান, ঘূর্ণ্যমান, ভূম্যাসনে, ---  
আমি কেন নির্লিপ্ত  
বিগতযৌবনা এ ধরিত্রীর মতন ?  
ক্লান্তি - ক্ষান্তি - কান্নাহীন শুদ্ধতায়  
একাকী এমন !

শাঁওলী মিত্র

Phone: 98302 43310

email: editor@srishtisandhan.com